

যুগান্তর

৯৫০ জনকে ফ্রি আইটি প্রশিক্ষণ

প্রকাশ : ০৬ অক্টোবর, ২০১৭ ০০:০০:০০

তথ্য-প্রযুক্তিতে দক্ষ জনশক্তি গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেপ) প্রকল্পের আওতায় ৯৫০ জনকে এ প্রশিক্ষণ দেয়া হবে। ন্যাশনাল ইন্সটিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এনআইইটি) এবং ন্যাশনাল ইন্সটিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ট্রেনিং প্রোগ্রাম (এনআইটিটিপি) ২০১৭-১৮ অর্থবছরে বিনামূল্যে এ প্রশিক্ষণ দেবে। শুধু ঢাকা বিভাগে এই প্রশিক্ষণ দেয়া হবে। সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেককে সনদ ও ভাতা দেয়া হবে। সেই সঙ্গে চাকরি পেতেও সহায়তা করা হবে।

প্রশিক্ষণের বিষয় ও মেয়াদ
সেপ প্রকল্প অফিসে খোঁজ নিয়ে জানা গেছে, প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল) এবং ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট- এ তিনটি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল)- এ দুটি বিষয়ের মেয়াদ তিন মাস এবং ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট বিষয়ে কোর্সের মেয়াদ ছয় মাস।

আবেদনের যোগ্যতা
আবেদনের জন্য প্রার্থীকে অবশ্যই এইচএসসি পাস হতে হবে। প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল) এ দুটি বিষয়ের জন্য প্রার্থীর বয়স থাকতে হবে ২০-৪৫-এর মধ্যে। ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্টের জন্য বয়স ১৮-৪৫ বছর। ভর্তিতে অগ্রাধিকার পাবেন মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীরা, সুবিধাবঞ্চিত, নারী, উপজাতি ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রার্থীরা। কম্পিউটার বিষয়ে বেসিক জ্ঞান এবং ইংরেজি সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে। ভর্তির সময় জমা দিতে হবে শিক্ষাগত যোগ্যতার সনদ বা নম্বরপত্রের ফটোকপি এবং তিন কপি পাসপোর্ট আকারের ছবি।

আবেদন ও বাছাই প্রক্রিয়া
নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম পাওয়া যাবে ওয়েবসাইটে। অনলাইনেও আবেদন পূরণ ও সাবমিট করা যাবে। এ ছাড়া আবেদন ফরম সংগ্রহ করা যাবে এনআইইটি অফিস থেকেও। ফরম পূরণ করে জমা দেয়া যাবে এনআইইটিসহ সংশ্লিষ্ট অফিসে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের বাছাই করা হবে। লিখিত পরীক্ষায় কম্পিউটার বেসিক বিষয়ে প্রশ্ন করা হবে। মৌখিক পরীক্ষায় প্রার্থীর কম্পিউটার বিষয়ে প্রাথমিক ধারণাসহ অন্যান্য দিক এবং ব্যবহারিক পরীক্ষায় কম্পিউটার চালানায় অভিজ্ঞতা কতটুকু আছে, তা দেখে প্রার্থী বাছাই করা হবে। এ ছাড়া প্রার্থী বাছাইয়ের সময় শিক্ষাগত যোগ্যতা, কাজ শেখার আগ্রহ, সাধারণ জ্ঞানের পরিধি ইত্যাদি বিষয় বিবেচনায় নেয়া হবে। নিয়মিত অধ্যয়নরতরা আবেদন করতে পারবেন না। প্রতি তিন মাস পরপর শুরু হবে নতুন ব্যাচ। তিন বিষয়েই প্রতি ব্যাচে নেয়া হবে ২৫ জন করে।

ভাতা, আবাসন ও চাকরি
প্রশিক্ষণের জন্য কোনো ফি গুনতে হবে না; বরং প্রশিক্ষণ শেষে পাওয়া যাবে ভাতা। সাধারণ কোটার প্রার্থীরা কোর্স শেষে ৩০০০ টাকা ভাতা হিসেবে পাবে। তবে মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী ও আদিবাসী প্রশিক্ষণার্থী সব মিলে ৭০০০ টাকা ভাতা পাবেন। এ ছাড়া প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপস্কিল), গ্রাফিকস ডিজাইন (আপস্কিল)- এ দুটি বিষয়ের প্রশিক্ষণার্থীরা পাবেন বিনামূল্যে আবাসন সুবিধা। এ দুই কোর্সের প্রশিক্ষণার্থীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়ন করে দেয়া হবে বাংলাদেশ ব্যাংক ও এনআইইটির সনদ। সফলভাবে কোর্স শেষ করতে পারলেই মিলবে চাকরি। এ ছাড়া দেশে আইটি খাতে প্রচুর দক্ষ জনবলের চাহিদা রয়েছে। এ প্রশিক্ষণ শেষে দক্ষরা নিজেরাই ফ্রিল্যান্সিংয়ের মাধ্যমে আয় করতে পারবে। এ ছাড়া আইটি খাতে অনেক চাকরির সুযোগ রয়েছে দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে। প্রশিক্ষণ শেষে আইটি বিষয়ে চাকরি পেতেও সহায়তা করবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান। উদ্যোক্তা হতে চাইলে ঋণপ্রাপ্তিতেও সহায়তা করা হবে।

ভর্তি তথ্য
বিভিন্ন সময় পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রার্থী খোঁজা হবে। তাই নিয়মিত চোখ রাখতে হবে পত্রিকায়। ওয়েবসাইটেও পেতে পারেন আবেদনের ফরমসহ দরকারি সব তথ্য। এ ছাড়া যে কোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে এনআইইটির শাখা অফিসে। ঢাকা ক্যাম্পাস : ৬৯/ই গ্রীন রোড, পান্থপথ, ঢাকা, মোবাইল ০১৮৪১৫৫১১৬৬ এবং ৭৪ বা/এ, ওয়ারলেস গেট, মহাখালী, ঢাকা-১২১৩। মোবাইল : ০১৯৭১০০৭৭৭৭। নারায়ণগঞ্জ ক্যাম্পাস : রূপসী বাসস্ট্যান্ড, নারায়ণগঞ্জ। মোবাইল : ০১৭৩১০০৬৯৮।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০ E-mail: jugantor.mail@gmail.com

Print

